

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৮৫

পর্ব-১৩: বিবাহ (১১১। ১১১)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - খুল্'ই (খুলা' তালাক) ও তালাক প্রসঙ্গে

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا طَلَاقَ وَلَا عَتَاقَ فِي إِغْلَاقٍ» . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَابْنُ مَاجَه قيل: معنى الإغلاق: الْإِكْرَاه

বাংলা

৩২৮৫-[১২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, জোর-জবরদস্তিমূলক তালাক ও (ক্রীতদাস বা দাসী) মুক্তি হয় না। (আবূ দাউদ, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ২১৯৩, ইবনু মাজাহ ২০৪৬, নাসায়ী ২০৪৪, আহমাদ ২৬৩৬০, ইরওয়া ২০৪৭, সহীহ আল জামি' ৭৫২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: اغْرُقِ । এর অর্থ ঠি । এর অর্থ ঠি । বাধ্য করা, জবরদন্তি করা, কাউকে কোনো কাজে বাধ্য করা। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর বাণীঃ জবরদন্তি করে কাউকে তালাক প্রদানে বাধ্য করলে সে তালাক কার্যকর হয় না। কেননা এ সময় ব্যক্তির স্বাধীনতা থাকে না। অত্র হাদীসের ভিত্তিতে ইমাম শাফি 'ঈ, মালিক, আহমাদ প্রমুখ ইমাম এই মতই পোষণ করেছেন। পক্ষান্তরে ইমাম আবূ হানীফাহ্ (রহঃ) ঠাট্টাচ্ছলে বিয়ে করলে অথবা তালাক দিলে বিয়ে ও তালাক কার্যকর হওয়ার উপর কিয়াস করে জবরদন্তি করে তালাক প্রদান করলে তালাকও কার্যকর হবে বলে মন্তব্য করেছেন। কিন্তু এ কিয়াসের চেয়ে হাদীসের উপর 'আমলই উত্তম ও নিরাপদ। (শারহে বিকায়ার হাওলায় মিরকাতুল মাফাতীহ)

'উসমান (রাঃ) বলেনঃ পাগল ও নেশাগ্রস্ত ব্যক্তির তালাক বৈধ নয়। সাহাবী 'উকবাহ্ ইবনু 'আমির (রাঃ) বলেন, মাতাল ও জবরদস্তিমূলক তালাক অবৈধ। পক্ষান্তরে ইমাম আবূ হানীফাহ্ (রহঃ) ঠাট্টাচ্ছলে তালাক দিলেও তা কার্যকর হবে, এ কথার উপর কিয়াস করে বলেন, জবরদস্তিমূলক তালাক কার্যকর হবে। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন